# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৭৭১০৪৪২, E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৫/২০২০/৩৪ তারিখ : ০৪/০৬/২০২৫ খ্রি.

## এইচএসসি পরীক্ষা - ২০২৫
## ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পরীক্ষা সংশ্লিষ্ট সকলের জন্য অনুসরণীয় :

০১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্ষ প্রত্যবেক্ষকসহ পরীক্ষা সংশ্লিষ্ট কারো কর্তব্যে অবহেলা, প্রশ্নপত্র ফাঁসের অপচেষ্টা,নকল কাজে সহযোগিতার প্রমাণ পেলে চাকুরীচ্যুতিসহ কঠোর শাস্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় দৃঢ় সংকল্পবদ্ধ।

০২. বোর্ড হতে কেন্দ্রে প্রেরিত অলিখিত উত্তরপত্রের OMR এর লিথোকোড না থাকলে অথবা OMR অস্পষ্ট হলে কিংবা সিরিয়াল নম্বর না থাকলে তা ব্যবহার করা যাবে না। পরীক্ষা শুরুর পূর্বেই সেগুলো বাছাই করে বাদ দিতে হবে।

০৩. নির্ধারিত সময়সূচি (রুটিন) অনুযায়ী জেলা/উপজেলা প্রশাসনের মাধ্যমে প্রাপ্ত সেট এর প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে। প্রতি পরীক্ষার দিন সকালে শিক্ষা বোর্ড থেকে জেলা/উপজেলা প্রশাসনের মাধ্যমে প্রশ্নপত্র ব্যবহার সম্পর্কিত সেট জানানো হবে।

০৪. **পরীক্ষা আরম্ভ হওয়ার ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীরা বোর্ড নির্ধারিত কেন্দ্রের পরীক্ষা কক্ষে নির্ধারিত নিজ আসনে বসবে।** সর্বোচ্চ সতর্কতার সাথে **পরীক্ষার দিন, তারিখ, সময়, বিষয়, পত্র ও সেট (2 অথবা 4) অনুযায়ী প্রশ্নপত্রের মোড়ক** খুলে প্রশ্নপত্র বিতরণ করতে হবে। পরীক্ষার হল এবং পার্শ্ববর্তী ২০০ গজ এর মধ্যে আইন শৃঙ্খলা বজায় রাখার জন্য যথাযথ ব্যবস্থা নিতে বেষ্টনী তৈরি করতে হবে। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় কক্ষ প্রত্যবেক্ষকসহ পরীক্ষা পরিচালনার কাজে নিয়োজিত সকলের এবং পরীক্ষা সামগ্রীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

০৫. বিশেষ চাহিদা সম্পন্ন প্রতিবন্ধী পরীক্ষার্থীদের (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি) লিখিত উত্তরপত্র আলাদাভাবে হলুদ রং এর কাপড়ে বান্ডিল করে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ বরাবর প্রেরণ করতে হবে।

০৬. এইচএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা ২০২৫ খ্রিঃ এর বই খানা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৭. ইংরেজী Version এর লিখিত উত্তরপত্র কেন্দ্র হতে বোর্ডে প্রেরণের সময় বান্ডিলের উপর ইংরেজী ভার্সন উত্তরপত্র মার্কার কলম দিয়ে বড় করে লিখে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ বরাবর পাঠাতে হবে।

০৮. গণিত,পদার্থবিজ্ঞান বা অনুরূপ অন্যান্য বিষয়ের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর বা যে কোন মডেলের সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। তবে, প্রোগ্রামেবল ক্যালকুলেটর (যে সকল ক্যালকুলেটরে Prog Key আছে, A-Z পর্যন্ত সকল Text ও গাণিতিক তথ্য ব্যবহার করে প্রোগ্রাম তৈরি করে সেভ করা যায় এবং এতে সংরক্ষিত প্রোগ্রামের মাধ্যমে বেশ কিছু কাজ ধারাবাহিকভাবে নিজে নিজেই করতে পারে। যেমন fx-5800p, fx-3650p ইত্যাদি ) ব্যবহার করতে পারবে না।

০৯. প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার পরই লিখিত উত্তরপত্র পুলিশ প্রহরায় নিরাপদে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে শিক্ষা বোর্ড অফিসে পৌঁছাতে হবে। পরীক্ষার দিন বিকাল ০৫ টার মধ্যে উত্তর পত্র জমা দিতে না পারলে নিকটবর্তী থানা হেফাজতে রাখতে হবে। কোন অবস্থাতেই ডাকযোগে/রেলপথে উত্তরপত্র প্রেরণ করা যাবে না। বোর্ড নির্ধারিত তারিখে যথাযথ নিরাপত্তা সহকারে পুলিশ

প্রহরায় বোর্ডে উত্তরপত্র জমা দিতে হবে। বহিষ্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র ও তালিকা হাতে হাতে পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট জমা দিতে হবে।

১০. **বহিষ্কৃত উত্তরপত্র** ডাকযোগে প্রেরণ করা যাবে না। বহিষ্কৃত উত্তরপত্রের সাথে গোপনীয় বিবরণী, নকলের কাগজপত্র, কক্ষ প্রত্যবেক্ষকের স্বাক্ষরসহ প্রতিবেদন ও কেন্দ্রসচিবের প্রতিস্বাক্ষরসহ জমা দিতে হবে। পরীক্ষার্থী নকল করলে উত্তরপত্রে নকলের লেখাগুলো লালকালি দিয়ে আন্ডার লাইন করতে হবে। গোপনীয় বিবরণীতে নকলের বিবরণসহ অন্য প্রকার অসদাচরণ করে থাকলে তার উল্লেখ থাকবে।

১১. কেন্দ্রের হাজিরাপত্র, অনুপস্থিত বিবরণী, পরীক্ষা শেষ হওয়ার ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে একশত করে সেলাই করে কেন্দ্র ভিত্তিক প্যাকেট হাতে হাতে জমা দিতে হবে। পরীক্ষার্থীর অনুপস্থিতি বিবরণী পরীক্ষার তারিখ অনুযায়ী শীটে পৃথক পৃথক করে লিখতে হবে।

১২. পরীক্ষার্থীর হাজিরাপত্রে স্বাক্ষরের সময় রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর ও বিষয় কোড মিলিয়ে সংশ্লিষ্ট কক্ষের কক্ষ প্রত্যবেক্ষক হাজিরাপত্রে স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর হাজিরা পত্রে (স্বাক্ষর পত্রে) অতিরিক্ত উত্তর পত্র গ্রহণের ঘরে সর্বমোট অতিরিক্ত উত্তরপত্র সংখ্যা লিখতে হবে। কোন অবস্থাতেই পরীক্ষার্থীর নিজ কলেজের শিক্ষক কক্ষ প্রত্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

১৩. কেন্দ্র হতে লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণের সময় বান্ডিল লেবেলের সাথে প্যাকেটের ভিতর বিষয়, বিষয় কোড ও উত্তরপত্রের হুবহু মিল থাকতে হবে। কেন্দ্র হতে লিখিত উত্তর পত্র বোর্ডে প্রেরণের সময় কোন অবস্থাতেই একাধিক বিষয়ের উত্তরপত্র একটি বান্ডিলে/বস্তায় প্রেরণ করা যাবে না। বস্তাটির মুখ সীলগালা করা আবশ্যক।

১৪. পরীক্ষার OMR প্রেরণের সময় শিরানোম পত্র ০২ (দুই) কপি তৈরি করে এক কপি OMR এর সাথে অপরটি কেন্দ্রে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

১৫. পরীক্ষা গ্রহণের সময় পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউই কোন প্রকার মোবাইল ব্যবহার করতে পারবেন না। কোন পরীক্ষার্থী কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না। নকল কাজে ব্যবহারযোগ্য যে কোন ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার শাস্তিযোগ্য অপরাধ।

১৬. প্রবেশপত্র ইস্যু না হলে অথবা প্রবেশপত্রে কোন ধরণের ভুল/গরমিল যেমন (ধর্ম, লিঙ্গ, বিষয়, ঐচ্ছিক বিষয়) পরিলক্ষিত হলে প্রয়োজেনীয় ডকুমেন্টসহ অবশ্যই পরীক্ষা শুরুর কমপক্ষে একদিন আগে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে সশরীরে যোগাযোগ করে সমাধান করতে হবে। নির্ধারিত সময়ের পর সব ঠিক আছে বলে গণ্য হবে।

১৭. ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা সংশ্লিষ্ট সকল প্রকার ফরম বোর্ডের Website এর ফ্রন্ট পেইজের HSC কর্ণারে Exam Related Forms থেকে ডাউনলোড করতে হবে। বোর্ড থেকে কোন ধরনের ফরম এর হার্ড কপি দেয়া হবে না।

১৮. পরীক্ষা পরিচালনায় সমস্যার সম্মুখীন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে সরাসরি অথবা পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষে ০২৯৯৭৭১০৪৪২ নম্বরে পরীক্ষা চলাকালীন দিনগুলোতে যোগযোগ করা যাবে। পরীক্ষার দিনগুলোতে সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত অফিস খোলা থাকবে। দৈনন্দিন পরীক্ষা সংক্রান্ত তথ্য (তালিকাভূক্তি,উপস্থিতি, অনুপস্থিতি ও বহিষ্কৃত) পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে জেলা কন্ট্রোল রুমে প্রেরণ করতে হবে।

১৯. প্রাকৃতিক দুর্যোগ, মানব সৃষ্ট দুর্যোগ, গুজব, কিংবা অনভিপ্রেত ঘটনার কারণে কোন পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তন হলে শিক্ষাবোর্ড এর Website এ কোন বিজ্ঞপ্তি অথবা বোর্ড কর্তৃক SMS না পাওয়া পর্যন্ত নিজ থেকে কোন নোটিশ করা থেকে বিরত থাকতে হবে।

২০. পরীক্ষা শুরু হওয়ার সর্বোচ্চ ৩০ মিনিটের মধ্যে কোন পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ না করলে তাঁর পরীক্ষা গ্রহণ করা বা না করানোর সিদ্ধান্ত সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা গ্রহণ করবেন। তবে অবশ্যই পরীক্ষার্থীর তথ্যাদি একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে।

২১. কারাগারে অন্তরীণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে আদালতের নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। (এ ক্ষেত্রে জেলা সদরের প্রতিষ্ঠানকে দায়িত্ব পালন করতে হবে)

২২. **কেন্দ্র থেকে হাতে হাতে লিখিত উত্তরপত্র বোর্ডের ২নং ভবনে প্রেরণের ১ম কিস্তি ০৮/০৭/২০২৫ (মঙ্গলবার) খ্রি. দ্বিতীয়**

কিস্তি ২৯/০৭/২০২৫ খ্রি. (মঙ্গলবার), তৃতীয় ও শেষ কিস্তি ১১/০৮/২০২৫ (সোমবার) খ্রি. বিকাল ৫ টার মধ্যে জমা দিতে হবে।

২৩. প্রত্যেক কেন্দ্রে এক বা একাধিক আইসোলেশন কক্ষ প্রস্তুত রাখতে হবে।

২৪. হঠাৎ অসাবধানতাবশত OMR ছিঁড়ে গেলে জোড়া লাগানোর জন্য Stapler Pin ব্যবহার না করে পাতলা Scotch Tape ব্যবহার করতে হবে। OMR বিচ্ছিন্ন করার সময় যাতে ছিঁড়ে না যায় সে জন্য সতর্কতার সাথে বিচ্ছিন্ন করতে কক্ষ প্রত্যকেক্ষকগণকে বলতে হবে।

২৫. বোর্ডের সকল কর্মকর্তা, কর্মচারী, সহায়তাকারী সকলের সাথে সৌজন্যমূলক আচরণ একান্ত কাম্য।


০৪/০৬/২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৪২

ই-মেইল : conbisemym@gmail.com